

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, হিসাব শাখা, কুর্মিটোলা, ঢাকা।
www.caab.gov.bd



তারিখ: ০৬-০৭-২০২৩খ্রিঃ।

নং ৩০.৩১.০০০০.৩০১.৭(৬)/বাজেট/৪২২

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হাসকরণ ও বিদেশ ভ্রমণ সীমিতকরণ প্রসঙ্গে।

সূত্র: (ক) অর্থ মন্ত্রণালয়ের স্বারক নং ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০১, তারিখ: ০২-০৭-২০২৩খ্রিঃ।
(খ) প্রশাসনিক মন্ত্রণালয়ের স্বারক নং ৩০.০০.০০০০.০২৪.২০.০০২.২২.২১৮, তারিখ: ০৩-০৭-২০২৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ সাধনের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থবছরে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে:

- (ক) চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে পরিচালন বাজেটের আওতায় নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে বরাদ্দকৃত অর্থ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:
- (১) '৩২১১১১৩-বিদ্যুৎ' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৭৫%;
 - (২) '৩২৪৩১০১-পেট্রোল, গ্যাস ও লুব্রিকেন্ট' ও '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০%;
 - (৩) '৪১১১১০১-আবাসিক ভবন', '৪১১১২০১-অনাবাসিক ভবন', এবং '৪১১১৩১৭-অন্যান্য ভবন ও স্থাপনা' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে;
 - (৪) '৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান' ও '৪১১২১০৩-আকাশযান' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে। তবে, ১০ বছরের অধিক পুরোনো মোটরযান প্রতিস্থাপনের ক্ষেত্রে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে; এবং
 - (৫) '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে।
- (খ) চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে উন্নয়ন বাজেটের আওতায় নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে বরাদ্দকৃত অর্থ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:
- (১) '৩২১১১১৩-বিদ্যুৎ' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৭৫%;
 - (২) '৩২৪৩১০১-পেট্রোল, গ্যাস ও লুব্রিকেন্ট' ও '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০%;
 - (৩) সকল প্রকার যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') বন্ধ থাকবে; এবং
 - (৪) '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে সকল আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক অর্থ বিভাগের পূর্বনুমোদন গ্রহণ করতে হবে।
- (গ) চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় সকল প্রকার বৈদেশিক ভ্রমণ/ওয়ার্কশপ/সেমিনারে অংশগ্রহণ বন্ধ থাকবে। তবে অত্যাবশ্যকীয় বিবেচনায় নিম্নলিখিত উদ্দেশ্যে সীমিত আকারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিদেশ ভ্রমণ করা যাবে:
- (১) পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় সরকারি অর্থায়নে এবং বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা/বিশ্ববিদ্যালয়/দেশ কর্তৃক প্রদত্ত ফেলারশীপ/ফেলোশীপ-এর আওতায় বৈদেশিক অর্থায়নে মাস্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়ন;
 - (২) বিদেশী সরকার/প্রতিষ্ঠান/উন্নয়ন সহযোগী আয়তনে ও সম্পূর্ণ অর্থায়নে আয়োজিত বৈদেশিক প্রশিক্ষণ; এবং
 - (৩) সরকার/প্রতিষ্ঠান/পারামর্শক প্রতিষ্ঠানের অর্থায়নে সংশ্লিষ্ট কর্মকর্তার কারিগরি জ্ঞানসম্পন্ন কর্মকর্তা/পরিদর্শক/সেবা/পণ্যের গুণগত মান নিরীক্ষা/পরিদর্শন।
০২. উপরের (ক) এবং (খ) অনুচ্ছেদে বর্ণিত, খাতসমূহে বরাদ্দকৃত অর্থ অন্য কোনো খাতে এবং অন্য কোনো খাত হতে এসব খাতে পুনঃউপযোজন করা যাবে না।
০৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উপর্যুক্ত নির্দেশনা প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ মোরাজ্জেম হোসেন)

পরিচালক (অর্থ)

সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
ফোন- ৮৯০১৪২১

বিতরণ (কর্তৃপক্ষ):

- ০১। সকল সদস্য (-----), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ০২। প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ০৩। নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, পেন্ড্রাল প্রকিয়মেণ্ট ইন্ডিনিয়ারিং এবং টের ইউনিট, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ০৪। সকল পরিচালক (-----), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ০৫। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (কর্তৃপক্ষের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। পরিচালক, শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর/ঢেইথাম, ওশামনী আন্তর্জাতিক বিমান বন্দর/সিলেট, সিএএবি।
- ০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল সার্কেল (হাশাবি)/ই/এম সার্কেল (হাশাবি)/সিভিল সার্কেল প্রকল্প/ই/এম সার্কেল প্রকল্প, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, সিভিল ডিভিশন- ১, ২, ৩, ৪, ৫ ও ৬ এবং ই/এম ডিভিশন- ১, ২, ৩, ৪, ৫, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ০৯। সকল বিমান বন্দর ব্যবস্থাপক (-----), সিএএবি।
- ১০। সহকারী পরিচালক (সকল), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

অনুলিপি:

- ১। চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।